গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
স্থানীয় সরকার শাখা
www.jhenaidah.gov.bd

তারিখ : ০৮ শ্রাবণ ১৪৩৩
২৩ জুলাই ২০২৬

স্মারক নম্বর-০৫.৪৪.৪৪০০.০০০৭.০২.০০৬.২৬.২৯৮

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার বিভাগের ০৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ৪৬.০০.০০০০০.০১৮.২৫.১৬, ২৩ জুন ২০২৬ তারিখের ৪৬.০০. ০০০০. ০১৮. ১১. ০১৩.২৬-১৫৪৬ ও ৪৬.০০. ০০০০. ০১৮. ১১. ০১৩.২৬-১৫৪৮ স্মারকে ছাড়পত্রের প্রেক্ষিতে ঝিনাইদহ জেলায় নিম্নবর্ণিত শূন্য পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রচলিত নিয়োগবিধি অনুযায়ী জনবল নিয়োগ এবং আগামী এক বছরের জন্য নিয়োগ প্যানেল সংরক্ষণের লক্ষ্যে ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে অনলাইনে (https://dcjhenaidah.teletalk.com.bd) ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা | ০৪ (চার) টি | গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/-<br>তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রাপ্য হবে) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ০২ | হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০৫ (পাঁচ) টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/-<br>তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রাপ্য হবে) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বানিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং<br>(গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২০(বিশ) ও ইংরেজি ২০(বিশ) শব্দ |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদসমূহ পূরণের ক্ষেত্রে "স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ (সংশোধিত ২০১৬)" অনুসরণ করা হবে।

০২। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান/কোটা এবং পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত সংশোধিত বা নতুন প্রণীত বিধি-বিধান অনুসরণ করা হবে।

০৩। হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের ২১ জানুয়ারি ২০২৬ তারিখের ৪৬.০০. ০০০০.০১৮. ৯৯.০২৪.১৯(অংশ)-১৫ নং স্মারকপত্রের নির্দেশনা অনুসরণ করা হবে।

০৪। আবেদনকারী প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন ব্যক্তি বিদেশী নাগরিককে বিবাহ করেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি এ নিয়োগের ক্ষেত্রে যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবেন না। বিবাহিত নারী প্রার্থীগণকে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করে আবেদন করতে হবে।

০৫। আবেদনকারীর বয়স ০১/০৭/২০২৬ খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮ ও সর্বোচ্চ ৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৬। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের (নিয়োগকারী কর্তৃপক্ষ) অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

০৭। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

০৮। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে অবশ্যই ডাউনলোডকৃত প্রবেশপত্র (ADMIT CARD) ও আবেদনপত্রের (APPLICANT'S COPY) রঙিন প্রিন্টকপি যথাযথ কর্তৃপক্ষকে প্রদর্শন করতে হবে। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

০৯। নিয়োগ প্রক্রিয়া চলাকালীন বা চূড়ান্ত নিয়োগ সম্পন্ন হওয়ার পরেও কোন প্রার্থী কর্তৃক তথ্য গোপন করা বা ভুল তথ্য প্রদানের বিষয় বা দাখিলকৃত কাগজপত্র জাল/মিথ্যা/ভুয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিলকরণসহ যথাযথ আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংযোজন করাসহ বিজ্ঞপ্তিটি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন যে কোন বিষয়ে সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে; এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মতে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

১৪। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নরূপ সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনসহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত একসেট ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে (সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবি, পরিচিতি নম্বর (যদি থাকে) ও দাপ্তরিক ঠিকানা উল্লিখিত সিলসহ):

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy) ও প্রবেশপত্র (Admit Card);

খ) সাম্প্রতিক সময়ে তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি-০২ (দুই) কপি;

গ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদের মূলকপি (যদি থাকে);

ঘ) পৌরসভা/ইউনিয়ন পরিষদ এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

ঙ) জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্ম নিবন্ধন সনদ;

চ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ছ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদপত্র;

জ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র-নৃ গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

১৫। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ। ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৬। **অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ www.jhenaidah.teletalk.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদন ফরম পূরণ ও দাখিল করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online আবেদনপত্র জমাদান শুরুর তারিখ ও সময়: ২৭/০৭/২০২৬ তারিখ সকাল ১০.০০ টা

ii) Online আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০/০৮/২০২৬ তারিখ বিকাল ৫.০০ টা

উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থীকে শতভাগ নিশ্চিত হতে হবে। ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঘ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনামতে ছবি (Photo) এবং স্বাক্ষর (Signature) Upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র Submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview কপি দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমা দানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন কপি প্রিন্ট (Print) করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুইটি) SMS করে আবেদন ফি ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা এবং অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) আবেদন ফি বাবদ ৫০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online- আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS : DCJHE <space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : DCJHE ABDCEF & send to 16222

দ্বিতীয় SMS : DCJHE <space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : DCJHE Yes 12345678 & send to 16222

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি www.jhenaidah.teletalk.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online-এ পূরণকৃত আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থীকে Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিতে হবে। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

User ID জানা থাকলেঃ

DCJHE <space>Help<space>User<space>User ID & send to 16222 Example:
DCJHE Help User ABCDEF & send to 16222

PIN Number জানা থাকলেঃ

DCJHE <space>Help<space>PIN<space>PIN No & send to 16222 Example:
DCJHE Help PIN 1234567 & send to 16222

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি www. jhenaidah.gov.bd-তে পাওয়া যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbd Teletalk প্রবেশ করে মেসেজের মাধ্য মে যোগাযোগ করা যাবে অথবা। Mail এর subject-এ Organization Name: jhenaidah , Post Name ( Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)

১৭। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৮। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় এবং অন্যান্য তথ্য www.jhenaidah.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

** আগ্রহী প্রার্থীকে শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে পর্যাপ্ত সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

২৩.০৭.২৪

মোঃ নোমান হোসেন
জেলা প্রশাসক
ঝিনাইদহ
☎০২৪৭৭৭৪৬৯৪১
E-mail: ddlg.jhenaidah@gmail.com

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৪। বিভাগীয় কমিশনার, খুলনা

০৫। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা
০৬। জেলা প্রশাসক (সকল)
০৭। পুলিশ সুপার, ঝিনাইদহ
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝিনাইদহ
০৯। সিভিল সার্জন, ঝিনাইদহ
১০। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইদহ
১১। উপজেলা নির্বাহী অফিসার, (সকল),ঝিনাইদহ
১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, এ কার্যালয়, ঝিনাইদহ [বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
১৩। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ........................................................ । উক্ত বিজ্ঞাপনটি ০১(এক) দিনের জন্য পত্রিকায় স্বল্প পরিসরে প্রকাশ করে ০৫ (পাঁচ) কপি জেলা প্রশাসক, ঝিনাইদহ বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৪। নোটিশ বোর্ড/অফিস কপি।

26.09.24

জেলা প্রশাসক
ঝিনাইদহ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
(নেজারত শাখা)
www.jhenaidah.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৪৪০০.০১০.০১.০০১.২৬.৬৬৫

তারিখ : ০৭ শ্রাবণ ১৪৩৩ / ২২ জুলাই ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী গবেষণা ইউনিটের ২৩ জুন, ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.২১২.১১.০০০৫.২৬-৩৩ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে এবং বিভাগীয় বাছাই কমিটি, খুলনার ০৬ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দের ০৫.৪৪.০০০০.০০০.০১২.৫১.০০০৫.২৬.৩৪০ নম্বর স্মারক মূলে জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহের অধীন সাধারণ প্রশাসনের আওতাধীন শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে অনলাইনে (https://dcjhenaidah.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (**Online**) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রম | দপ্তরের নাম | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১. | জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ | অফিস সহায়ক | ০২ (দুই)টি | গ্রেড-২০ তম ৮,২৫০-২০,০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদনের শর্তাবলী:**

০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীর বয়সসীমা ০১.০৭.২০২৬ খ্রি.তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানসহ সকল আবেদনকারীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত আবেদন দাখিলের শেষ সময় পর্যন্ত সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন/বিধি-বিধান অনুযায়ী বয়সসীমা অনুসরণযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৪। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে/যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন করতে হবে:

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;

খ) ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

ঙ) বীরমুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত);

চ) আবেদনকারী বীরমুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সিটি কর্পোরেশনের প্রশাসক/মেয়র/ওয়ার্ড কাউন্সিলর, পৌরসভার প্রশাসক/মেয়র অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

জ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঝ) কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা ও নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঞ) ডাউনলোডকৃত Applicant's Copy এর সত্যায়িত কপি;

ট) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

ঠ) অভিজ্ঞতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

০৬। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্যপদ পূরণের জন্য জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত ২০২৪) অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত, নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৭। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

০৮। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

০৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। উপযুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত/নির্বাচনী পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১১। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১২। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৩। নিয়োগের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রিট/মামলা বিচারাধীন থাকে বা কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমাণ বা প্রক্রিয়াধীন থাকে; তবে মাননীয় আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিদ্যমান বিধি-বিধান মোতাবেক শূন্য পদ পূরণের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

১৪। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থান ও সময়ে প্রার্থীদের লিখিত/নির্বাচনী ও মৌখিক বা প্রাসঙ্গিক টেকনিক্যাল পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৫। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

**১। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

ক. উল্লিখিত পদে আবেদনে ইচ্ছুক প্রার্থীগণকে https://dcjhenaidah.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৭/০৭/২০২৬ তারিখ সকাল ১০:০০ টা

ii. আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০/০৮/২০২৬ তারিখ বিকাল ৫:০০ টা।

iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk Prepaid Mobile এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্র পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে স্বয়ং প্রার্থী সম্পূর্ণরূপে নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী তার Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদন Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদনটি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সম্প্রতি তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর যুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDFকপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন কপি প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Prepaid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য ৫০/- টাকা ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ ০৬/- টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- টাকা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণের জন্য ৫০/- টাকা ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ ০৬/- টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদন কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: DCJHE<space> User IDলিখে Sendকরতে হবে 16222 নম্বরে।

Example: DCJHE ABCDEF send to 16222

Reply: Applicant's Name. Tk. (Application fee) will be charged as Application fee. Your PIN is xxxxxxx. To pay fee Type DCJHE < space>Yes<space>PIN and Send to 16222.

দ্বিতীয় SMS: DCJHE <space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DCJHE Yes 12345678 send to 16222

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DCJHE Application for xxxxxxxx User ID is (ABCDEF) and password (xxxxxxxx)

**চ.প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** https://dcjhenaidah.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

**ছ. SMS-এ প্রেরিত** User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থীকে প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

I. User ID জানা থাকলে:
DCJHE <space>Help<space> User>User ID & Send to 16222
Example: DCJHE Help User ABCDEF space & Send to 16222

II. PIN Number জানা থাকলে:
DCJHE <space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222
Example: DCJHE Help PIN 12345678 space & Send to 16222

অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজ প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**ঝ.** বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ এর Website: www.jhenaidah.gov.bd এবং https://dcjhenaidah.teletalk.com.bd এ দেখা যাবে অথবা রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.jhenaidah.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

**ঞ.**অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd অথবা dcjhenaidah@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject Organization Name: jhenaidah. Post Name (Application User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

**ট. ডিক্লারেশন:**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা যাবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**বি.দ্র.:** সর্বশেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব পূর্বেই আবেদনপত্র পূরণ ও ফি জমা দান করার জন্য আগ্রহীদের পরামর্শ দেয়া হলো।

22.07.26

মোঃ নোমান হোসেন
জেলা প্রশাসক
ঝিনাইদহ
ফোন :০২৪৭৭৭৪৬৮৮৮
dcjhenaidah@mopa.gov.bd

স্মারক নম্বর :০৫.৪৪.৪৪০০.০১০.০১.০০১.২৬.৬৬৫/১(৫০)

তারিখ : ০৭ শ্রাবণ ১৪৩৩ / ২২ জুলাই ২০২৬

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা ও সভাপতি বিভাগীয় নির্বাচনী বোর্ড, খুলনা
০৬. রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
০৭. পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, খুলনাঅঞ্চল, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
০৮. যুগ্মসচিব, সওব্য-৪ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. জেলা প্রশাসক,.......................................... (সকল)
১০. পুলিশ সুপার, ঝিনাইদহ
১১. উপপরিচালক, স্থানীয় সরকার, ঝিনাইদহ
১২. সিভিল সার্জন, ঝিনাইদহ

১৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ

১৪. উপজেলা নির্বাহী অফিসার,........................................................ (সকল), ঝিনাইদহ

১৫. সহকারী কমিশনার (ভূমি),........................................................ (সকল), ঝিনাইদহ

১৬. নেজারত ডেপুটি কালেক্টর, ঝিনাইদহ

১৭. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ

১৮. উপপরিচালক, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আঞ্চলিক কার্যালয়, খালিশপুর, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা

১৯. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ঝিনাইদহ

২০. সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, ঝিনাইদহ

২১. জেলা তথ্য অফিসার,ঝিনাইদহ

২২. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েবসাইট ও ফেসবুক পেইজে প্রকাশের অনুরোধসহ)

২৩. জেনারেল ম্যানেজার, মার্কেটিং এন্ড ডিএস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং-৩/৩/৫৫/৭৫, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২। তাঁকে নির্ধারিত সময়ে লিংক উন্মুক্ত করার জন্য অনুরোধ করা হলো

২৪. বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ......................................................................................................................। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী......../......../২০২৬ তারিখের মধ্যে স্বল্প পরিসরে (২৭ ইঞ্চি ৪ কলামে) ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো

২৫. অফিস কপি

22.09.24

জেলা প্রশাসক
ঝিনাইদহ